

## ঢাবির ৯৭ ছাত্রকে হল থেকে বের করে দিল ছাত্রলীগ!

■ সমকাল প্রতিবেদক  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ৯৭ জন ছাত্রকে সলিমুল্লাহ মুসলিম (এসএম) হল থেকে বের করে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। সোমবার রাতে ছাত্রলীগের নেতারা তাদের বের করে দেন বলে অভিযোগ তুলেভোগীদের। তাদের ছাত্রলীগের কর্মী হিসেবে প্রমাণপত্র জমা দেওয়ার কথাও বলেছেন ওই নেতারা।

সবুজিটরা জানান, ওই ৯৭ জন ছাত্র এবার ঢাবিতে ভর্তি হয়েছেন। চলতি মাসের শুরু থেকে তারা এসএম হলের বারান্দায় থাকতে শুরু করেন। ছাত্রলীগের নেতারা সোমবার রাত ১০টার দিকে তাদের হলের সামনে থেকে বের। ছাত্রলীগ নেতাদের মধ্যে ছিলেন সংগঠনটির এসএম হল শাখার সাধারণ সম্পাদক দিদার মুহাম্মদ নিজামুল ইসলাম। তিনি সবাইকে জিজ্ঞাস করেন, তারা কে কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত। এরপর তাদের জবাবে দেন, ছাত্রলীগ কর্মী না হলে তারা হলে থাকতে পারবেন না।

দিদার মুহাম্মদ নিজামুল ইসলাম সাংবাদিকদের বলেন, ওই ৯৭ জন ছাত্র এখনও হলের বৈধ আবাসিক ছাত্র নন। এমনটিতেই হলে আবাসন সংকট। তাই নতুন ছাত্রদের পাঁচ দিনের মধ্যে এলাকার কোনো আওয়ামী লীগ নেতার কোন নম্বর নিয়ে আসতে বলা হয়েছে।